# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## For Procurement of Goods

(Request for Quotation Method)

**আরএফকিউ নং- ১৪/২০২১-২০২২**

ISO 9001:2015 Certified

## মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।

**"বার্ষিক উপকেন্দ্র রক্ষণাবেক্ষণের জন্য মালামাল সরবরাহের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র(RFQ)"**


প্রশাসন বিভাগ

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

web: www.pbs.munshiganj.gov.bd, E-mail: mngpbs@yahoo.com

ফোন নং- ০১৭৬৯-৪০২২৯৫


ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
MUNSHIGANJ PALLI BIDYUT SAMITY

সদর দপ্তর
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।
টেলিফোন: ০২-৭৬১১৭৪৭
E-Mail:mngpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০১.০৩৮.২১. ৯৯৪৭ তারিখঃ ১৮/১১/২০২১ খ্রিঃ।

**"বার্ষিক উপকেন্দ্র রক্ষণাবেক্ষণ কাজে মালামাল সরবরাহের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ)"**

প্রতি,
------------------------------------
------------------------------------
------------------------------------

১. সিনিয়র জেনারেল ম্যানেজার, মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর বার্ষিক উপকেন্দ্র রক্ষণাবেক্ষণের জন্য তফসিলে বর্ণিত মালামাল সরবরাহের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

২. মালামাল সরবরাহে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদসঙ্গে সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট **www.pbs.munshiganj.gov.bd** হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খামে আগামী ২৩/১১/২০২১ খ্রিঃ তারিখ এবং সময় ১১:০০ ঘটিকার মধ্যে কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে বার্ষিক উপকেন্দ্র রক্ষণাবেক্ষণের জন্য তফসিলে বর্ণিত মালামাল সরবরাহের জন্য কোটেশন এবং আগামী ২৩/১১/২০২১ খ্রিঃ তারিখ এবং সময় বেলা ১১:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমূহ ২৩/১১/২০২১খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট **www.pbs.munshiganj.gov.bd** এ দেখা যাবে।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে মালামালের গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষ্যে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ **বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে।** এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৫. কার্যাদেশ জারীর তারিখ থেকে ১০ (দশ) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৬. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৭. মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(এ এইচ এম মোবারক উল্যা)
সিনিয়র জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
(বিজ্ঞপ্তির শর্তানুযায়ী নির্ধারিত সময় পর্যন্ত দরপত্র গ্রহণের অনুরোধ করা হলো)

০২। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।

০৩। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।

০৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ. মুন্সীগঞ্জ।

০৫। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো. মুন্সীগঞ্জ।

০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,------------------------------------পবিস-১/২/৩/৪।

০৭। ডেপুটি জেনারেল ম্যানেজার, (কারিগরী-সদর) টংগীবাড়ী/মুন্সীগঞ্জ/লৌহজং/সিরাজদিখান//শ্রীনগর জোনাল অফিস, মুন্সীগঞ্জ পবিস।

০৮। সহকারী জেনারেল ম্যানেজার, (নওপাড়া/নিমতলা/ভাগ্যকুল/চরডুমুরিয়া) সাব-জোনাল অফিস ও (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), মুন্সীগঞ্জ পবিস।

০৯। মের্সাস---------------------------------------------------------।

১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, মুন্সীগঞ্জ পবিস।

১১। অফিস/মাস্টার কপি।

(এ এইচ এম মোবারক উল্যা)
সিনিয়র জেনারেল ম্যানেজার।

# কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৫৯৫৬.৫৬০.০১.০৩৮.২১. ১৯৪৭ (১৪/২০২১-২০২২), তারিখঃ ১৮/১১/২০২১ খ্রিঃ।

প্রতি,
সিনিয়র জেনারেল ম্যানেজার
মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী,পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **"বার্ষিক উপকেন্দ্র রক্ষণাবেক্ষণের জন্য মালামাল "** সরবরাহ করার জন্য প্রস্তাব করছি।

আমার /আমাদের কোটেশনের মোট মূল্য------------------------------ কথায়-------------------------------------------

আমার /আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বর্ধিত থাকবে এবং আমি/আমরা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার /আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ এছাড়াও আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমার /আমরা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের /নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি / আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ১৮/১১/২০২১খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিল পত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর
তারিখঃ

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি স্থাপিত ১৯৯৮ ইং মুন্সীগঞ্জ

<u>পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল</u>

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৫৯৫৬.৫৬০.০১.০৩৮.২১.১২৭৭(১৪/২০২১-২০২২), তারিখঃ ১৮ /১১/২০২১ খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাণের একক | পরিমাণ | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্য স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ০১ | - | মলিকুট গ্রীজ (নমুনা মোতাবেক) | ক্যান | ২০ | | | | মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরের কমন স্টোর। |
| ০২ | | কন্ট্রাক্ট ক্লিনার (ইলেকট্রিক সার্কিট) | ঐ | ৩১ | | | | |
| ০৩ | | কন্ট্রাক্ট গ্রীজ (এন্টিসীজ কপারডোন) ০১ পাউন্ড | কৌটা | ৩১ | | | | |
| ০৪ | | সিলিকন সিলেন্ট ৬০০ মিঃমিঃ | ক্যান | ১২ | | | | |
| ০৫ | | গ্যাসকেট সিমেন্ট ২০ গ্রাম | বোতল | ২০ | | | | |
| ০৬ | | এরালডাইট ২০ গ্রাম | টিউব | ২০ | | | | |
| ০৭ | | এমালশন পেইন্ট (লাইট গ্রে) ৪০০ মিঃমি | ক্যান | ২৯ | | | | |
| ০৮ | | রেড অক্সাইড ০.৫ লিটার | ঐ | ২০ | | | | |
| ০৯ | | হাইটেনশন বার্ণিশ ৪০০ মিঃমিঃ | ঐ | ৩০ | | | | |
| ১০ | | সুপার গ্লু ২০ গ্রাম | টিউব | ২৯ | | | | |
| ১১ | | এমারী পেপার ( ০ সাইজ হুইল) | বঃ ফুঃ | ২০ | | | | |
| ১২ | | এমারী পেপার ( ১ সাইজ হুইল) | ঐ | ২০ | | | | |
| ১৩ | | থ্রেড সিলিং টেপ | টি | ৩০ | | | | |
| ১৪ | | ঝুট (সাদা) (১'×১' সাইজ) | কেজি | ১২০ | | | | |
| ১৫ | | মার্কিন কাপড় (মোটা লং ক্লথ সাদা) | গজ | ৮৫ | | | | |
| ১৬ | | শ্যাম্পু (সানসিল্ক ৪০০ মিঃমিঃ) | ক্যান | ২০ | | | | |
| ১৭ | | সাবান (লাক্স মাঝারী) | টি | ২০ | | | | |
| ১৮ | | পলিথিন (সবুজ মোটা) | গজ | ৬০ | | | | |
| ১৯ | | প্লাস্টিক মগ (আরএফএল ২ লিটার) | টি | ৪০ | | | | |
| ২০ | | ওয়্যার ব্রাশ (ফ্লাট প্লাস্টিক হাতল) | টি | ২০ | | | | |
| ২১ | | নাইলন ব্রাশ ১২" (হাতল ওয়ালা) | টি | ৪০ | | | | |
| ২২ | | পেইন্টিং ব্রাশ ২" ×৩" | টি | ৩০ | | | | |
| ২৩ | | নাট বোল্ট ( SS- ২.৫" ×২.৫ সুতা) | টি | ২১০ | | | | |
| ২৪ | | সিটিসি (৫০০ মিঃ লিঃ) | বোতল | ২৩ | | | | |
| ২৫ | | স্কচ ব্রাইট টেপ (মাজুনী) | ডজন | ১৫.৫ | | | | |
| ২৬ | | গ্রীজ মেকানিক্যাল (১ পাউন্ড) | কৌটা | ২০ | | | | |
| ২৭ | | থিনার এনসি টি-৬ | গ্যালন | ১৩ | | | | |
| ২৮ | | জেড পাউডার | কেজি | ২৩ | | | | |
| ২৯ | | স্প্রে মেকানিক ( WD-40) 400 ML | ক্যান | ২৪ | | | | |
| ৩০ | | সিলিকন সিলেন্ট গান | টি | ১২ | | | | |
| **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)** | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি ১৯৮৮ ইং মুন্সীগঞ্জ

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি ,সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ। |
| মোট মূল্য টাকায়<br>(কথায়) | উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য<br>মোট মূল্য------------------------------------------------------------------------------------ |
| প্রস্তাবিত সরবরাহ | ১০(দশ) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) | প্রয়োজ্য নয়। |

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফশীলের -----------------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে।
আমি/আমাদের প্রস্তাব -------/------/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন দাতার নাম | |

**টীকা:**

১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭, ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি ১৯৯৮ খ্রিঃ মুন্সীগঞ্জ

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১ | - | পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল এর তালিকাভুক্ত মালামাল | পবিস এ সংরক্ষিত নমুনা মোতাবেক | | |

আমি /আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন দাতার নাম | |

**টীকাঃ**

১. কলাম ১,২,৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারী প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগীতামূলক দর প্রদানের জন্য এক সেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগীতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একই সঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অর্ন্তভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবিশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

স্মারক নং- ২৭.১২.৫৯৫৬.৫৬০.০১.০৩৮.২১-------------------, তারিখঃ---------------

বার্ষিক উপকেন্দ্র রক্ষণাবেক্ষণ কাজে মালামাল সরবরাহের জন্য ক্রয় আদেশ

| | |
|---|---|
| কোটেশন নম্বর: ১৪ /২০২১-২০২২ | তারিখ: ১৮/১১/২০২১ খ্রিঃ। |
| প্রতি:<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা]<br>------------------------------- | |
| সরবাহের তারিখ:----------------------------------- | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা--------------------------- |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী ------------------তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবা সমূহ কারিগরী বিনিদের্শ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ: |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ণনা মোতাবেক।

৮

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী:

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয় আদেশ জারি হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীন নিকট গ্রহণযোগ্য ,যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ায় অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীনে সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং,তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করতে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক,লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে---------------------------কথায়---------------------------------------------------।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ প্রযোজ্য নয়।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধ্যকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষ্যের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়বদ্ধ রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি সময়সীমার ভিতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যে ক্ষতি হলে সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবারহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির *শর্তাবলীর সংশোধন করতে পারবে।*

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরবাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগীতায় বা সরবরাহ হতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি , প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধ্যকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মীমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| (এ এইচ এম মোবারক উল্যা)<br>সিনিয়র জেনারেল ম্যানেজার<br>মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ: | তারিখ: |

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি ১৯৯৮ ইং মুন্সীগঞ্জ